সমকাল

তারিখ ... 03 JUL 2015 ...
পৃষ্ঠা ... কলাম ...

# বেশিরভাগ কলেজে ক্লাস শুরু হয়েছে

## — শিক্ষামন্ত্রী

■ সমকাল প্রতিবেদক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন সরকার ঘোষিত দিনেই বেশিরভাগ কলেজে একাদশ শ্রেণীতে ক্লাস শুরু হয়েছে। হয়ত দু'এক জায়গায় এর ব্যত্যয় ঘটেছে। সেটাও কাভার হয়ে যাবে। দেশে বিজ্ঞানের শিক্ষার্থীর সংখ্যা ও হার বেড়েছে বলেও জানান মন্ত্রী।

গতকাল বৃহস্পতিবার ঢাকা কলেজ মিলনায়তনে 'একাদশ শ্রেণীর নবীনবরণ-২০১৫' ও 'রবি ওয়াই-ফাই জোন উদ্বোধন' অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী একথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, আমাদের বর্তমান শিক্ষার একটি সুনির্দিষ্ট লক্ষ্য আছে। সেটা হলো, মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন করে ২০২১ সালের মধ্যে জ্ঞাননির্ভর ডিজিটাল বাংলাদেশ গড়ে মধ্যম আয়ের দেশে রূপান্তর করা। এই লক্ষ্য পূরণে সবাইকে একসঙ্গে কাজ করতে হবে।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঢাকা কলেজের অধ্যক্ষ অধ্যাপক ফৌজিয়া আফরোজা আলম। এ সময় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন তথ্য ও প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক, শিক্ষা সচিব নজরুল ইসলাম খান, রবির চিফ মার্কেটিং অফিসার মাহতাব উদ্দিন আহমেদ, ঢাকা কলেজের উপাধ্যক্ষ মোয়াজ্জেম হোসাইন মোল্লা, অনুষ্ঠানের আহ্বায়ক অধ্যাপক মুস্তারি বেগম প্রমুখ।